

## তথ্যপ্রযুক্তিতে বাংলা ভাষা

### মাহাবুবুর রহমান (রিমন) {২১/০২/২০১৯}

কম্পিউটারে বাংলা ভাষার ব্যবহার আমাদের তথ্যপ্রযুক্তি সময়ের সবচেয়ে সফল ও সুন্দর উদ্যোগ। ডিজিটাল বাংলাদেশের অনেক অর্জন এখন বাংলাদেশ সহ বিশ্বের বহু দেশের মানুষের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। কিন্তু আমি সবসময় একরকম একটা ভয়ে থাকি যে, রোমান হরফ বাংলা হরফের জায়গাটি দিন দিন দখল করে নিচ্ছে এই কথা ভেবে।

আমরা ২০১৯ সালে এসে ডিজিটাল যন্ত্রে বাংলা হরফকে ধীরে ধীরে বিদায় জানাচ্ছি। এই বিষয়টি খুবই করুণ এবং অভিজ্ঞ বা জ্ঞানী ব্যক্তি এই বিষয়ে কোন মন্তব্য করতে চান না।

খ,ঘ,ঙ,চ,ছ,ঝ,ঞ,ঠ,ঢ়,ড়,অ,ঈ,উ,ঋ,শ,ষ এসব বর্ণমালা ছাড়াও আরো অনেক বর্ণমালা আছে যেগুলো রোমান হরফ দিয়ে লেখা যায় না। রোমান হরফে এসব ধ্বনির জন্য কোন বর্ণ নেই। একাধিক বর্ণ দিয়ে এসব উচ্চারণ লিখতে হয়। কখনো কখনো বাংলা ধ্বনির পাশাপাশি বিকৃত কোন ধ্বনি রোমান হরফ দিয়ে প্রকাশ করা হয়। এভাবে প্রকাশ করলে ব্যাকরণগত ভুল এবং বানানভুল লক্ষ্য করা যায়।

যারা রোমান হরফ দিয়ে বাংলা লেখেন তারা ঠিকই বুঝতে পারেন যে, তিনি যা বলতে বা লিখতে চাচ্ছেন রোমান হরফের জন্য প্রকাশ করছেন ভিন্ন কিছু।

১৯৬৫ সালে শহীদ মুনীর চৌধুরী বাংলা ভাষাকে প্রযুক্তির সংগে সম্পৃক্ত করতে উদ্যোগী হন। তার উদ্ভাবিত কিবোর্ড “মুনীর অপটিমা” নামে পরিচিত। টাইপমেশিনে বাংলায় টাইপ করার ক্ষেত্রে এখনও মুনীর কিবোর্ড খুবই জনপ্রিয়।

লক্ষ্য করলে দেখা যায় যে, শহীদ মুনীর চৌধুরী তার তৈরীকৃত “মুনীর অপটিমা” কিবোর্ড রোমান হরফকে পাশ কাটিয়ে টাইপরাইটারের জন্য বাংলা বর্ণমালায় কিবোর্ড তৈরী করেছিলেন।

“মুনীর কিবোর্ড” তৈরীর ২৩ বছর পরে কম্পিউটারে বাংলা লেখার জন্য “বিজয় কিবোর্ড” তৈরী করেন “মোস্তফা জব্বার” ১৬ই ডিসেম্বর ১৯৮৮ সালে। পরবর্তী সময়ে “মোস্তফা জব্বার” এর “বিজয় কিবোর্ডকে” ইউনিকোডভিত্তিক তৈরী করে বাংলাকে বিজ্ঞানসম্মত কম্পিউটার ব্যবহার নিশ্চিত করেন। বিজয় একমাত্র মান ও বিজ্ঞানসম্মত কিবোর্ড যার দ্বারা কম্পিউটারে আসকি ও ইউনিকোড দুভাবেই টাইপ করা যায়। মান ও বিজ্ঞানসম্মত কিবোর্ড বলার অন্যতম কারণ হলো, তিনি বাংলা হরফের অল্পপ্রাণ-মহাপ্রাণ ও হসন্তের ব্যবহারকে কিবোর্ড এর প্রযুক্তি হিসেবে ব্যবহার করেছেন।

দুনিয়ার সকল মাতৃভাষার জন্য এক ভয়াবহ আপদ এর নাম হলো রোমান হরফ।

বাংলা হরফের রোমানাইজেশন একটি নিরীহ উদ্যোগ মনে হলেও বাস্তবে গভীর দুঃখিমি লক্ষ্য করা যায়।

রোমান হরফে বাংলা লেখার মাধ্যমে এমন একটা সময় আসতে পারে যে, বাংলাভাষীরা বাংলা বলবেন কিন্তু বাংলা বর্ণমালা চিনতে পারবেন না।

তত্ত্বাবধায়ক সরকারের আমলে ছবিসহ ভোটার তালিকা তৈরীর সময় নির্বাচন কমিশন একটি বিনামূল্যে ফনেটিক সফটওয়্যার (রোমান হরফ দিয়ে বাংলা বর্ণমালা লেখার সফটওয়্যার) ব্যবহার করে যা সত্যিই খুব দুঃখজনক।

যারা বিভিন্ন সামাজিক মাধ্যমে রোমান হরফ ব্যবহার করে বাংলা লেখেন, যারা অফিসে রোমান হরফ ব্যবহার করে বাংলা লেখেন, রোমান হরফ ব্যবহার করার জন্য নানারকম অজুহাত দাঁড় করান তাদের কাছে আমার বিনীত ভাবে প্রার্থনা ও অনুরোধ বাংলা হরফে বাংলা টাইপ করার সময় যদি কোনরকম সমস্যা মুখোমুখি হন তাহলে আমাকে ইমেইলের মাধ্যমে জানান।

সকল বাংলাভাষা ভাষীদের সবসময় মনে রাখতে হবে যে, বাংলা বর্ণমালাকে বাদ দিয়ে বাংলাভাষা কে টিকিয়ে রাখা কোনভাবেই সম্ভব হবে না।

একটি বাংলা হরফ একজন বাঙালি মানুষের প্রাণ।

তথ্য ও প্রযুক্তি বিষয়ক লেখক ও কলামিস্ট, এবং  
ইন্টারনেট এবং কম্পিউটারে বাংলা ভাষা ব্যবহারে উৎসাহ প্রদানকারী ###  
মাহবুবুর রহমান (রিমন)

email : [mrahman0985@gmail.com](mailto:mrahman0985@gmail.com)

web : [www.mrahman.info](http://www.mrahman.info)